মেহেরপুর জেলা বিএনপির নেতাদের বাগোয়ান বাসির সংবর্ধনা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহাবায়ক কমিটিকে বাগোয়ান ইউনিয়ন বাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে বাগোয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ ইসলাম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় জাভেদ মাসুদ মিল্টন বলেন, এই বিএনপি আপনাদের বিএনপি, জনগণের বিএনপি, জাভেদ মাসুদ মিলটনের বিএনপি নয়, সুতরাং আপনাদের সিদ্ধান্ত আপনাদের কেই নিতে হবে, আগামী দিনের বিএনপি কিভাবে চলবে মেহেরপুর জেলাতে, আজকে আপনাদের সামনে আমি বার্তা দিতে এসেছি, আমি আপনাদের সামনে প্রতিশ্রুতি দিয়ে গেলাম জননেতা তারেক রহমান যে আস্থা এবং বিশ্বাস নিয়ে আমাদেরকে আপনাদের সামনে পাঠিয়েছে আমি প্রতিশ্রুতি দিয়ে গেলাম সেই আস্থার বিন্দুমাত্র ব্যত্যয় ঘটবে না । গ্রাম থেকে শুরু করে জেলা পর্যন্ত প্রত্যেকটি নেতা নির্বাচন করবেন আপনারা।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলামের সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, রেজাউল করিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, সহ-সভাপতি আনিসুল হক লাভলু, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সাংস্কৃতিক

সম্পাদক আসাদুজ্জামান জনি, সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, মেহেরপুর জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান (বিপ্লব), জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মে, সমাজসেবা কাজী খয়উদ্দিন, পৌর ছাত্রনেতা ফুর্তি, জনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের বাগোয়ানে বিশেষ কর্মশালা অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মুজিবনগরের বাগোয়ানে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে বাগোয়ান ইউনিয়ন কার্যালয়ে এ কর্মশালাটি আয়োজন করা হয়।

কর্মশালায় উপস্থিত তরুণরা তাদের লেখনীর মাধ্যমে নতুন বাংলাদেশের রূপরেখা তুলে ধরেন। তারা বিশ্বাস করেন, ঐক্যবদ্ধ প্রচেষ্টাই পারে নতুন বাংলাদেশের ভিত্তি গড়ে তুলতে।

তরুণরা কর্মশালায় উল্লেখ করেন যে, তরুণ প্রজন্মের মেধা ও দক্ষতা বাড়ানোর মাধ্যমে দেশকে আরও উন্নত করা সম্ভব। মোবাইল আসক্তি কমাতে গ্রাম ও শহরে খেলাধুলার আয়োজন বাড়ানোর প্রস্তাব করেন। একটি স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। ধর্ম, বর্ণ, জাতি-গোষ্ঠীর ভেদাভেদহীন বাংলাদেশ গড়তে একতাবদ্ধ থাকার তাগিদ দেন। নৈতিক মূল্যবোধ জাগিয়ে

তুলতে এবং মাদকমুক্ত একটি শান্তিপূর্ণ দেশ গড়তে উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। শিক্ষার মান উন্নয়ন এবং মানুষের মৌলিক চাহিদা পূরণ নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সাইবার বুলিং ও সাইবার ক্রাইম রোধে সচেতনতা বৃদ্ধি করার আহ্বান জানান।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিআরডিপি অফিসার কাওসার আলী।

ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা রওনক জাহান, হিসাব সহকারি হাসানুজ্জামান খান উজ্জলসহ ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য বৃন্দ এবং বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

মুজিবনগরের মোনাখালীতে তারুণ্যের উৎসব ও কর্মশালা

মুজিবনগরে উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদের উদ্যোগে তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে মোনাখালি ইউনিয়ন কার্যালয়ে এ কর্মশালাটি আয়োজন করা হয়।

মোনাখালি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোমিনুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান।

গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আরিফ খান, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রায়হান কবির, মোনাখালী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা শাহাদাৎ হোসেন, কম্পিউটার অপারেটর মেহেদী হাসান, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়সহ বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

কর্মশালায় উপস্থিত তরুণ-তরুণীরা নতুন বাংলাদেশ গড়ার তাদের স্বপ্ন ও পরিকল্পনা লিখিত আকারে উপস্থাপন করেন। তাদের চিন্তাধারা ও অভিমত নতুন বাংলাদেশ গঠনে ইতিবাচক দিক নির্দেশনা প্রদান করবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এই কর্মশালাটি নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম, নৈতিক শিক্ষা এবং সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে গণ্য হচ্ছে।

মুজিবনগরের দারিয়াপুরে তারুণ্যের উৎসব ও কর্মশালা

“এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে এক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) সকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন কার্যালয়ে এ কর্মশালার আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ এস এম মাহবুবুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের সার্জন ডা. সৈয়দ সাকিবুল ইসলাম।
বিশেষ অতিথি হিসেবে ছিলেন ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা কামরুজ্জামান উপজেলা ছাত্রশিবিরের সভাপতি আবু তালহা বিএনপি নেতা হাফিজুর রহমান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দারিয়াপুর ইউনিয়নের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর সাকিব। কর্মশালায় অংশ নেন দারিয়াপুর গাউছিয়া দাখিল মাদ্রাসা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা, মুক্তিযোদ্ধাদের একটি দল এবং ইমাম সাহেবদের দল।

কর্মশালায় উপস্থিত তরুণ-তরুণীরা নতুন বাংলাদেশ গড়ার তাদের স্বপ্ন ও পরিকল্পনা লিখিত আকারে উপস্থাপন করেন। তাদের চিন্তাধারা ও অভিমত নতুন বাংলাদেশ গঠনে ইতিবাচক দিক নির্দেশনা প্রদান করবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এই কর্মশালাটি নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম, নৈতিক শিক্ষা এবং সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে গণ্য হচ্ছে।

মুজিবনগরে উপজেলা জামায়াতে ইসলামীর মিছিল ও সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। শনিবার (১১ জানুয়ারি) বিকাল ৪ ঘটিকার সময় কেদারগঞ্জ এমবিআর মার্কেট হতে কেদারগঞ্জ চার রাস্তার মোড় ও বল্লভপুর রোড হয়ে কেদারগঞ্জ বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে চার রাস্তার মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খান জাহান আলীর সভাপতিত্বে সমাবেশটি পরিচালনা করেন মুজিবনগর উপজেলা জামায়াতের সেক্রেটারী খাইরুল বাসার। প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর মাওলানা তাজউদ্দিন খান বক্তব্যে বলেন, এদেশ কোন দলের নয় জাতীয় পার্টি বিএনপি আওয়ামী লীগ জামাতে ইসলামীর নয়। এদেশ মুসলিম হিন্দু খ্রিস্টান কারো ভাগের নয়। এ দেশ ১৮ কোটি জনগণের এ দেশকে উন্নয়ন করতে হলে ১৮ কোটি মানুষের ৩৬ কোটি হাতকে কাজে লাগিয়ে উন্নয়ন ঘটানো হবে। বিভেদ সৃষ্টি করা হবে না স্বাধীনতার পক্ষ বিপক্ষ বলে অন্যায়কারীদের চিহ্নিত করা

হবে। এই লোকগুলো অন্যায়কারী তাদেরকে যাতে মানুষ ঘৃণা করে নেই ইনসাফ প্রতিষ্ঠা করে তার বদলা নেওয়া হবে।

বিশেষ মেহমান হিসেবে বক্তব্য রাখেন জেলা জামাতের বাইতুলমাল সেক্রেটারি জারজিস হুসেইন, মেহেরপুর সদর জামাতের আমির মাওলানা সোহেল রানা, মেহেরপুর পৌর জামাতের আমির সোহেল রানা ডলার।

আরো বক্তব্য রাখেন আরো বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম। সমাবেশে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামাতের সহকারি সেক্রেটারি জনাব মোস্তাফিজুর রহমান, মুজিবনগর উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা পেশাজীবী বিভাগের সেক্রেটারি মোশারফ হোসেন, উপজেলা বাইতুলমাল সেক্রেটারি আমির হোসেন, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন জামাতের আমির আব্দুল হালিম, মনাখালী ইউনিয়ন আমির মোখলেসুর রহমান, বাগওয়ান ইউনিয়ন আমির মাওলানা ফারুক হোসেন, মহাজনপুর ইউনিয়ন আমির আব্দুল হামিদ প্রমূখ।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও ড্রেস বিতরণ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পিইডিপি-৪ কম্পোনেন্ট ২.৫ প্রকল্পের অধীনে “আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম” এর আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে মেহেরপুরে শিক্ষার্থীদের
নতুন স্কুল ব্যাগ ও স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) “তরুণ্যের উৎসব-২০২৫” ব্যানারে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ২১০টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে এই বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর মাধ্যমে ৪,৭৩৫ জন শিক্ষার্থীর মাঝে নতুন ব্যাগ ও স্কুল ড্রেস তুলে দেওয়া হয়।

মেহেরপুর সদর উপজেলায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকল্পের জেলা ম্যানেজার সাদ আহম্মেদ, উপজেলা ম্যানেজার মোছাঃ শিরিনা আক্তারসহ অন্যান্য কর্মকর্তারা। শিক্ষার্থীদের হাতে নতুন ব্যাগ ও ড্রেস তুলে দেওয়ার সময় শিশুরা আনন্দে উচ্ছ্বসিত হয়ে পড়ে।

মুজিবনগর উপজেলায় এই কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। এ সময় প্রকল্পের উপজেলা ম্যানেজার আব্দুল করিমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে নতুন ব্যাগ ও স্কুল ড্রেস বিতরণ করেন গাংনী উপজেলার নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা। এ সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন এবং শিক্ষার্থীদের মধ্যে এই উপহার বিতরণের মাধ্যমে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

মুজিবনগরে ইসলামী ব্যাংকের ভল্ট ভেঙে টাকা চুরি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারে অবস্থিত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট শাখায় দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

বুধবার (৮ জানুয়ারি) রাতের কোনো এক সময় চোর চক্র ব্যাংকের পিছনের জানালার গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে। এরপর ভোল্টের তালা ভেঙে সিন্দুক ভেঙে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা চুরি করে পালিয়ে যায়।

এজেন্ট ব্যাংকের ম্যানেজার আব্দুল গাফফার জানান, বৃহস্পতিবার সকালে ব্যাংকের পিয়ন হাসিবুল প্রথমে চুরির বিষয়টি লক্ষ্য করেন এবং আমাকে ফোন করে বিষয়টি জানান। আমি দ্রুত ব্যাংকে এসে দেখতে পাই জানালার গ্রিল কাটা, ভোল্টের তালা ভাঙা এবং সিন্দুক ভাঙা

অবস্থায় রয়েছে। বুধবার দিনের হিসাব শেষে ব্যাংকে ৬ লক্ষ ৩৩ হাজার টাকার বেশি জমা রাখা হয়েছিল, যা চোরেরা চুরি করে নিয়ে গেছে।

চুরির খবর পাওয়ার পর মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে আসেন। প্রাথমিক তদন্তে জানালার গ্রিল এবং ভোল্টের তালা ভাঙার প্রমাণ পাওয়া যায়।

এ বিষয়ে মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর ইসলাম খান, সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবদুল করিম এবং জেলা গোয়েন্দা শাখার ওসি গোপাল চন্দ্র ঘটনাস্থল পরিদর্শন করেন।

ওসি মিজানুর রহমান জানান, চুরির ঘটনাটি উদঘাটনের জন্য তদন্ত অব্যাহত রয়েছে। সন্দেহভাজন হিসেবে চারজনকে মুজিবনগর থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

মুজিবনগরে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহব্বানে মুজিবনগরে শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল বুধবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুরে জেলা ছাত্রদলের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়। জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সদর উপজেলা বিএনপি’র সভাপতি এ্যাড: মারুফ আহমেদ বিজন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শীতবস্ত্র বিতরণ করেন।

এ সময় মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, জেলা ছাত্রদলের প্রচার সম্পাদক রাব্বি, মুজিবনগর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মিলন, রাহুল, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মিঠুন, দারিয়াপুর ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সুমন আহম্মেদ,

বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের যুগ্ম সম্পাদক রিয়াজসহ জেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় দারিয়াপুর ইউনিয়নের শীতার্থ মানুষের মাঝে ৩০০ পিস কম্বল বিতরণ করা হয়।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা আব্দুর রউফের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আব্দুর রউফকে দাফন করা হয়েছে। উপজেলার বাগোয়ান গ্রামের প্রয়াত কাজী রওশন আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা কাজী আব্দুর রউফ (৭০) বার্ধক্যজনিত কারণে দীর্ঘদিন অসুস্থ ছিলেন। তিনি গতকাল রবিবার রাত ১০টায় নিজ বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

আজ সোমবার বেলা সাড়ে ১২টায় মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এবং বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক মরহুমের মরদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করে তাকে রাষ্ট্রীয় সম্মাননা প্রদান করেন।

এ সময় পুলিশের একটি চৌকস দল মরহুমকে গার্ড অফ অনার প্রদান করে। বিউগলের করুন সুরে সৃষ্টি হয় এক আবেগঘন পরিবেশ। পরিবারের সদস্য, এলাকাবাসী ও সহযোদ্ধারা এ সময় উপস্থিত ছিলেন। মরহুমকে তার পারিবারিক কবরস্থানে দাফন করা হয়

মুজিবনগরে ৫০ দিনব্যাপী তারুণ্যের উৎসবের উদ্বোধন

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” এই স্লোগানে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মুজিবনগরে ৫০ দিনব্যাপী তারুণ্যের উৎসবের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের বাস্তবায়নে সোমবার সকালে এ উৎসবের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

উৎসব উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। র্যালি শেষে বেলুন, ফেস্টুন ও শান্তির প্রতীক কবুতর উড়িয়ে আনুষ্ঠানিকভাবে ৫০ দিনব্যাপী উৎসবের উদ্বোধন ঘোষণা করা হয়, যা চলবে ৩০ ডিসেম্বর থেকে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত।

উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল বলেন, নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ সরকার দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। তারুণ্যের উৎসব ২০২৫ সেই পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি কেন্দ্রীয় পর্যায় থেকে শুরু করে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায় পর্যন্ত তারুণ্যের উদ্যম ও স্পৃহা ছড়িয়ে দেবে।

তিনি আরও বলেন, মুজিবনগরে আমরা সরকারের নির্দেশনা অনুযায়ী এই উৎসব উদযাপনের জন্য নানান পরিকল্পনা গ্রহণ করেছি। এতে খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম এবং পরিবেশগত সচেতনতার বিভিন্ন কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

নির্বাহী অফিসার আশা প্রকাশ করেন যে, মুজিবনগরবাসী এই উৎসবে সক্রিয় অংশগ্রহণ করবে এবং গ্রিন ও ক্লিন মুজিবনগর প্রতিষ্ঠায় সহায়তা করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান,
বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমান, উপজেলা ইসলামিক ফাউন্ডেশনের মডেল কেয়ারটেকার মোহাম্মদ

আলী খান প্রমুখ।

এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা, স্কুল-কলেজের ছাত্রছাত্রী, স্থানীয় এনজিও প্রতিনিধি, এবং সুধী সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।